ক্রোড়পত্র-ক

বরাবর,

অধ্যক্ষ

.... ক্যাডেট কলেজ

................।

বিষয় ঃ ক্যাডেটশীপ গ্রহণের অঙ্গীকারপত্র

আমি..পিতা..
মাতা...জাতীয়তা..
জাতীয় পরিচয় পত্রের নম্বর...ধর্ম.............................পেশা......... ....।

আমার সন্তান/পোষ্য (ইনডেক্স নং) .... নাম ....
কে প্রদত্ত ভর্তির সুযোগ গ্রহণ করছি । এ পরিপ্রেক্ষিতে আমি নিম্নলিখিত অঙ্গীকার প্রদান করছি। উক্ত অঙ্গীকারনামা আমার অবর্তমানে আমার আইন বিষয়ক প্রতিনিধি অথবা আমার উত্তরাধিকারীদের ক্ষেত্রেও বলবৎ থাকবে।

১। আমার সন্তান/পোষ্যের খরচ বাবদ কলেজ কর্তৃক নির্ধারিত মাসিক কলেজ ফিস .... টাকা হারে পরিশোধ করতে হবে এবং উহা সময়মত পরিশোধ না করলে তাকে কলেজ থেকে বহিষ্কার করা হবে। অতএব, আমি সময়মত কলেজ ফিস যথাযথভাবে প্রদান করব।

২। আমি নিশ্চিয়তা প্রদান করছি যে, আমার সন্তানের ভর্তি সংক্রান্ত সকল তথ্যাবলী সত্য ও সঠিকভাবে লিপিবদ্ধ করেছি । প্রদত্ত তথ্য ভুল/মিথ্যা প্রমানিত হলে আমার সন্তান/পোষ্যকে কলেজ কর্তৃপক্ষের নির্দেশমত প্রত্যাহার করে নেব।

৩। আমার সন্তান একবারের অধিক ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেনি। আবেদনপত্রে উল্লেখিত কোটা নির্ভূল ও সঠিক। সুতরাং এই সকল বিষয়সমূহ মিথ্যা প্রমাণ হলে কর্তৃপক্ষের যে কোন শাস্তি মেনে নেব।

৪। আমার সন্তান সঠিক সময়ে নিয়মিতভাবে কলেজে যাতায়াত করবে এবং বিধি-বিধানসমূহ যত্নসহকারে অনুসরণ করতঃ কলেজের সার্বিক কর্মকান্ডে অংশ নিবে।

৫। আমি ক্যাডেট কলেজ কর্তৃপক্ষের প্রচলিত ও বিভিন্ন সময় জারীকৃত বিধিবিধানসমূহ মেনে চলবো।

৬। আমি অবগত আছি যে, আমার সন্তান/পোষ্যের ক্যাডেট কলেজে থাকা নির্ভর করবে তার লেখাপড়ার সন্তোষজনক অগ্রগতির উপর। আমার সন্তান/পোষ্য অভ্যন্তরীণ বা বোর্ড পরীক্ষাসমূহে খারাপ ফলাফল করলে কলেজ থেকে তাকে ক্ষতিপূরণ প্রদান সাপেক্ষে প্রত্যাহার করে নেব।

৭। আমার সন্তান/পোষ্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শ্রেণিতে মানবিক বা বিজ্ঞান কোন্ বিভাগে অধ্যয়ন করবে সে সম্পর্কে কলেজের অধ্যক্ষের মতামতকে চূড়ান্ত বলে মেনে নিব।

৮। আমি নিশ্চয়তা প্রদান করছি যে, ভর্তিকালীন সময়ে প্রদত্ত আয়ের প্রত্যায়নপত্র তদন্ত সাপেক্ষে অসত্য বলে প্রমাণিত হলে আমি কলেজ কর্তৃক নির্ধারিত ফিস বকেয়াসহ পরিশোধ করব। আমি আরও অঙ্গীকার করছি যে, আমার সন্তান/পোষ্য ক্যাডেট কলেজে ভর্তি হওয়ার পর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফিস পরিশোধ করা।

৯। ক্যাডেট কলেজে শিক্ষাকার্যক্রম অনুযায়ী আমার সন্তান/পোষ্য শিক্ষা গ্রহণ করতে বাধ্য থাকবে এবং শিক্ষা/প্রশিক্ষণ হেতু কোন আঘাত কিংবা অক্ষমতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১০। উচ্চ মাধ্যমিক পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত আমার সন্তান/পোষ্যকে কলেজ থেকে প্রত্যাহার করে নেবো না। যদি কোন কারণবশতঃ স্বেচ্ছায় প্রত্যাহার করে নিয়ে যেতে হয় তাহলে আমার সন্তান/পোষ্য কলেজে থাকাকালীন মেয়াদের জন্য খরচকৃত কলেজের সর্বসাকুল্য খরচ কলেজ কর্তৃপক্ষকে পরিশোধ করতে বাধ্য থাকবো । উক্ত অর্থ পরিশোধে অনীহা প্রদর্শন করলে আমার প্রাপ্ত মাসিক বেতন/অবসর ভাতা (যেখানে প্রযোজ্য) হতে তা সংগ্রহের ব্যবস্থা করতে পারবেন।

১১। আমার সন্তান/পোষ্য কলেজ থেকে সরবরাহকৃত খাবার কিংবা পোশাক পরিচ্ছদ (সরকারী বা মূল্যের বিনিময়ে) গ্রহণে বাধ্য থাকবে।

১২। আমি অবগত আছি যে, ক্যাডেট কলেজে সকল ক্যাডেটের জন্য সমান সুযোগ সুবিধা প্রদান করা হয়। সুতরাং আমি আমার সন্তান/পোষ্যের জন্য বিশেষ সুযোগ কিংবা অননুমোদিত চাহিদা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন কিংবা কোন প্রকার তদবীর করবনা বলে অঙ্গীকার করছি।

১৩। কলেজের সাথে আমার সেতু বন্ধন হবে আমার সন্তান/পোষ্যের মাধ্যমে। সুতরাং আমার পোষ্যের যেকোন সমস্যা বা প্রতিকূল অবস্থা কলেজ কর্তৃপক্ষকে অবহিত করব।

১৪। আমি আমার সন্তান/পোষ্যকে কলেজে অনুমোদনহীন মোবাইল ফোন বা যে কোন ইলেক্ট্রনিক ডিভাইস, স্বর্ণালঙ্কার ও নগদ টাকা প্রদান করা হতে বিরত থাকা এবং এ সংক্রান্ত অন্যায়ের জন্য কলেজ কর্তৃপক্ষের যেকোন শাস্তি মেনে নেব।

১৫। আমার সন্তান/পোষ্য যদি নিম্নলিখিত কোন কারণে দোষী প্রমাণিত হয় তাহলে তাকে ক্যাডেট কলেজ হতে বিধি মোতাবেক পূর্ণ ক্ষতিপূরণসহ প্রত্যাহার কিংবা যেকোন শাস্তি মেনে নিতে বাধ্য থাকব ঃ

ক। তার কার্যকলাপ যদি অন্যের বিরক্তি/অসন্তোষের কারণ হয় ।

খ। প্রতারণা, মিথ্যা কথা বলা, চুরি করা, ধুমপান/মাদকাসক্ত হলে এবং অন্য কোন বিষয়ে যা তার নৈতিকতা বিনাশ করে ।

গ। ক্যাডেট কলেজের আইন- কানুন এবং নিয়ম শৃংখলা ভংগ করলে ।

ঘ। ক্যাডেট কলেজের শিক্ষক, কর্মচারী এবং ক্যাডেটদের প্রতি অমার্জিত আচরণ করলে ।

ঙ। প্রশিক্ষণ ও লেখাপড়ার ক্ষেত্রে সহযোগিতার অভাব থাকলে ।

চ। ছুটি এবং বিনানুমতিতে শ্রেণি কক্ষে, প্রার্থনালয়ে এবং ক্যাডেট কলেজের অন্যান্য কাজ কর্মে অনুপস্থিত থাকলে।

ছ। ইচ্ছাকৃত ভাবে কলেজের সম্পদ বিনষ্ট করলে ।

জ। কলেজ হতে পলায়ন করলে অথবা অগোচরে কলেজের বাইরে গেলে ।

ঝ। লেখাপড়ায় অসন্তোষজনক অগ্রগতি এবং ব্যক্তিত্বের বিকাশ না হলে ।

ঞ। যেকোন পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে ।

ট। যেকোন উগ্র মতবাদে আকৃষ্ট হলে অথবা রাষ্ট্রবিরোধী কোন কার্যকলাপে যুক্ত হলে।

১৬। আমি অবগত আছি যে, আমার সন্তান/পোষ্য ক্যাডেট কলেজ অধ্যয়ন শেষে কমিশন্ড অফিসার হিসেবে নিয়োগের নিমিত্তে প্রয়োজনীয় পরীক্ষায় (আইএসএসবি) অংশ গ্রহণ করবে এবং কৃতকার্য হলে সশস্ত্রবাহিনীতে যোগদান করতে বাধ্য থাকবে।

১৭। উপরোল্লিখিত সুনির্দিষ্ট কারণ ব্যতীত অন্য যেকোন কারণে ক্যাডেটসুলভ আচরণের বহির্ভূত কার্যক্রমে আমার সন্তান/পোষ্য লিপ্ত হলে কলেজ কর্তৃপক্ষ ও সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ এর ক্ষমতাবলে সংশোধনীমূলক ব্যবস্থা গ্রহণ করা হলে আমি তা মেনে নিতে বাধ্য থাকবো।

আমি আমার সন্তান/পোষ্যকে উপরোক্ত বিষয় জ্ঞাত করিয়েছি এবং নিম্নলিখিত স্বাক্ষীদ্বয়ের সম্মুখে স্বেচ্ছায় সজ্ঞানে উভয়ে স্বাক্ষর প্রদান করেছি ।

....

(ক্যাডেটের স্বাক্ষর ও তারিখ) (পিতা/অভিভাবকের স্বাক্ষর ও তারিখ)

ঠিকানা

বর্তমান ঃ

গ্রাম/মহল্লা/বাসা নং...................................

ডাকঘর ....

উপজেলা...

জেলা ....

টেলিফোন নং (যদি থাকে) ....

মোবাইলঃ..

স্থায়ী ঃ

গ্রাম/মহল্লা/বাসা নং......................................

ডাকঘর..

উপজেলা...

জেলা ....

টেলিফোন নং (যদি থাকে)...........................

মোবাইলঃ..

(চাকুরীরত হলে বর্তমান ঠিকানার বেলায় দপ্তরের বিস্তারিত ঠিকানা দিলেও চলবে)

সাক্ষী

১। স্বাক্ষর ঃ...
নাম ঃ ....
ঠিকানা ঃ ....

২। স্বাক্ষর ঃ...
নাম ঃ ....
ঠিকানা ঃ ....

জ্ঞাতব্য ঃ

ক। চুক্তিপত্র ৩০০/- (তিনশত মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর লিখিত হতে হবে ।

খ। অঙ্গীকারপত্রটি নোটারি পাবলিক কর্তৃক রেজিস্ট্রিকৃত হতে হবে।